

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 26 April, 2025

পিএসসি সংস্কার ও প্রশ্নফাঁসে জড়িতদের শাস্তির দাবিতে অনশনরত শিক্ষার্থীদের সঙ্গে সংহতি প্রকাশ করে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) শিক্ষার্থীরা ঢাকা-ময়মনসিংহ রেলপথ অবরোধ করেছেন। এতে উভয়মুখী রেলযোগাযোগ বন্ধ হয়ে গেছে।

শনিবার (২৬ এপ্রিল) রাত পৌনে ৯টার দিকে তারাকান্দি থেকে ঢাকাগামী অগ্নীবীণা এক্সপ্রেস ট্রেন বাকুবি ক্যাম্পাসের জব্বারের মোড়ে পৌঁছালে শিক্ষার্থীরা রেললাইন অবরোধ করেন।

ময়মনসিংহ রেলওয়ে স্টেশন মাস্টার নাজমুল হক খান বিষয়টি নিশ্চিত করে বলেন, পিএসসি সংস্কার ও প্রশ্নফাঁস জড়িতদের শাস্তির দাবিতে বাকুবি শিক্ষার্থীরা ঢাকাগামী অগ্নীবীণা ট্রেনটি অবরোধ করেছেন। শেষ খবর পাওয়া পর্যন্ত ঢাকা-ময়মনসিংহ রেলপথ অবরোধ রয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তারা ঘটনাস্থলে উপস্থিত আছেন এবং পরিস্থিতি শান্ত করতে কাজ করছেন।

পিএসসি প্রশ্নফাঁস বাকুবি রেলপথ শিক্ষার্থীরা